



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, খুলনা বিভাগ

এবং

প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা

এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২২ - ৩০ জুন, ২০২৩

সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা নং
কর্মসম্পাদনের সার্বিক চিত্র	
প্রস্তাবনা	
সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি	
সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব	
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা	
সংযোজনী ১: শব্দসংক্ষেপ	
সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক	
সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ	
সংযোজনী ৪: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	
সংযোজনী ৫: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	
সংযোজনী ৬: অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	
সংযোজনী ৭: সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	
সংযোজনী ৮: তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩	

কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনাঃ

পল্লী এবং গ্রামীণ এলাকায় নিরাপদ ও সুপেয় পানি সরবরাহকরন এবং স্যানিটেশন ব্যবস্থায় উন্নয়নকরন। দূর্যোগকালীন সময়ে নিরাপদ পানির দুস্প্রাপ্যতা কমিয়ে নিরাপদ পানি সরবরাহ করন ও স্যানিটেশন ব্যবস্থা সচল রাখা। ভূ-পৃষ্ঠস্থ পানির ব্যবহার বাড়িয়ে ভূ-গর্ভস্থ পানির স্তর স্থিতিশীল রাখা এবং জীব-বৈচিত্রের সংরক্ষন।

সাম্প্রতিক বছর সমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, খুলনা বিভাগ এর আওতায় বিগত (০৩) অর্থবছরে পল্লী ও পৌর এলাকায় পানির উৎস স্থাপন ১৫৪৩৮ টি, বিভিন্ন ব্যাসের পাইপ লাইন স্থাপন ২৮.৮১৩ কিঃমিঃ, ভূ-পৃষ্ঠস্থ পানি শোধনাগার ০১ টি ও পাবলিক টয়লেট -০৪ টি, কমিউনিটি টয়লেট- ৭১ টি, প্রাথমিক বিদ্যালয় সমূহে ওয়াশ ব্লক নির্মান -১৩০টি, ডি-স্যালাইনেশন প্লান্ট এর মাধ্যমে নিরাপদ পানি সরবরাহ-৩৫ টি, পুকুর খনন ও পুকুর পুনঃ খনন-৩৬টি, RO Plant নির্মান-১৪টি, পিএসএফ /সোলার পিএসএফ নির্মান-৫৮ টি নির্মান করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ

এক বিংশ শতাব্দীতে এবং আধুনিক যুগে মানুষের দৈনন্দিন জীবনে সুপেয় পানি ও স্বাস্থ্যসম্মত স্যানিটেশন নিশ্চিতকরন একটি বড় চ্যালেঞ্জ। আর এই বড় চ্যালেঞ্জ বাস্তবায়নের সাথে সাথে প্রয়োজন তার টেকসইকরন ও কার্যকারিতা বৃদ্ধিকরন। আর এ চ্যালেঞ্জ বাস্তবায়নের প্রধান সমস্যা হচ্ছে বাজেট ঘাটতি ও জনবলের অপ্রতুলতা। অধিদপ্তরের অন্যান্য স্থানের মতো খুলনা বিভাগ, খুলনা দপ্তরের জনবল সংকট থাকায় উন্নয়নমূলক কাজ বাস্তবায়ন একটি বড় ধরনের চ্যালেঞ্জ। নিরাপদ পানি সরবরাহের লক্ষ্যে পানির উৎস সমূহের সঠিক রক্ষনাবেক্ষন করে নিরবিচ্ছিন্ন নিরাপদ পানি সরবরাহ একটি বড় চ্যালেঞ্জ। এছাড়া দিনদিন ভূগর্ভস্থ পানি ব্যবহারের ফলে পানির স্তর বেশি নেমে যাচ্ছে। এজন্য ভূগর্ভস্থ পানির পরিবর্তে ভূপৃষ্ঠস্থ পানির উৎস সমূহ থেকে পানি সংগ্রহপূর্বক নিরাপদ পানি সরবরাহ নিশ্চিত করতে হবে। এছাড়া আধুনিকায়ন ও নগরায়নের কারনে ভূপৃষ্ঠস্থ পানি দূষিত হচ্ছে। যা মানুষের শরীরের জন্য খুবই ক্ষতিকর। সে সম্পর্কে জনগনকে সচেতন করতে হবে।

ভবিষ্যৎ পরিকল্পনাঃ

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কর্তৃক খুলনা বিভাগ, খুলনাতে নিরাপদ পানি সরবরাহ ও স্বাস্থ্যসম্মত স্যানিটেশন ব্যবহার উন্নতির জন্য বেশকিছু পরিকল্পনা নেওয়া হয়েছে। ভূগর্ভস্থ পানির উপর চাপ কমানোর জন্য রেইন ওয়াটার হার্ডেস্টিং, পুকুর/দিঘি/জলাশয় খনন/পুনঃখনন, সোলার ডিস্যালাইনেশন প্লান্ট, সোলার পি এস এফ ইত্যাদি স্থাপনের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহের পদক্ষেপ গ্রহন করা। এছাড়া ভূগর্ভস্থ পানির উৎস হিসাবে গভীর নলকূপ, সাবমার্সিবল পাম্পসহ গভীর নলকূপ, ট্রিটমেন্ট প্লান্ট, RO Plant, পাইপ লাইন স্কিম ইত্যাদি স্থাপন পূর্বক নিরবিচ্ছিন্ন নিরাপদ পানির চাহিদা পূরনের ব্যবস্থা গ্রহন করতে হবে। পাশাপাশি স্বাস্থ্যসম্মত স্যানিটেশন নিশ্চিতকরনে বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থান সমূহে কমিউনিটি টয়লেট, পাবলিক টয়লেট নির্মান ও প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লক নির্মানের মাধ্যমে স্বাস্থ্যসম্মত স্যানিটেশন নিশ্চিতকরন। যা জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন অভিত্ত লক্ষ্যমাত্রা অর্জনে যা আমাদেরকে একধাপ এগিয়ে রাখবে। উক্ত লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০৩০ সালের মধ্যে সমতা ও পর্যাপ্ততার ভিত্তিতে স্যানিটেশন ও স্বাস্থ্য পরিচর্যার সুযোগ বৃদ্ধি, খোলা স্থানে মলত্যাগ থেকে বিরত ও সাধারন জনগনের জন্য স্বাস্থ্যসম্মত স্যানিটেশন ও স্বাস্থ্য পরিচর্যার উপর গুরুত্ব আরোপ।

২০২২-২০২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ

- ১। চলমান ভূ-গর্ভস্থ পানি শোধনাগারের কাজ সম্পন্নপূর্বক দাকোপ উপজেলার চালনা পৌরসভায় নিরাপদ পানি সরবরাহ করন- ১টি
- ২। পল্লী এলাকায় বিভিন্ন ধরনের পানির উৎস- ৫৮০০ টি।
- ৩। পানি পরিশোধনাগার- ১টি
- ৪। পল্লী ও পৌর এলাকায় কমিউনিটি/পাবলিক টয়লেট নির্মান - ১৫ টি।
- ৫। প্রাথমিক বিদ্যালয় সমূহে ওয়াশ ব্লক নির্মান - ৫০ টি এবং পানির উৎস- ৫০০টি।
- ৬। সোলার পি এস এফ নির্মান - ১০ টি।
- ৭। পুকুর খনন ও পুকুর পুনঃখনন- ৫ টি।

প্রস্তাবনা

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা।

এবং

প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা

এর মধ্যে ২০২২ সালের জুন মাসের ২৩ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১:

রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

১.১ রূপকল্প: জনগনের জন্য নিরাপদ পানি সরবরাহ, টেকসই উন্নত স্যানিটেশন এবং কঠিন ও পয়ঃবর্জ্য ব্যবস্থাপনা নিশ্চিত করা।

১.২ অভিলক্ষ্য: সকলের জন্য নিরাপদ পানি সরবরাহ, টেকসই উন্নত স্যানিটেশন এবং কঠিন ও পয়ঃবর্জ্য ব্যবস্থাপনার অবকাঠামো নির্মাণ এবং এ সংক্রান্ত প্রতিষ্ঠান ও কমিউনিটির দক্ষতা বৃদ্ধির মাধ্যমে জনগনের সুস্বাস্থ্য এবং জীবন মানের উন্নতি সাধন করা।

১.৩ কর্মসম্পাদন ক্ষেত্র

১.৩.১ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগের কর্মসম্পাদন ক্ষেত্র

- ১) পল্লী ও পৌর এলাকায় নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থা করা,
- ২) পল্লী ও পৌর এলাকায় স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন,
- ৩) কমিউনিটি ক্লিনিকে পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা করা,
- ৪) পানির গুণগত মান নিশ্চিতকরণ।

১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

- ১) সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

১.৪ কার্যাবলি:

- পল্লী এলাকায় ইউনিয়ন পরিষদের সহায়তায় পানি সরবরাহ ও স্যানিটেশন কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন;
- শহরাঞ্চলে সিটি কর্পোরেশন/ পৌরসভার সহায়তায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার অবকাঠামো নির্মাণ, উন্নয়ন, সম্প্রসারণ ও কারিগরি সহায়তা প্রদান; সমগ্র দেশের খাবার পানির গুণগত মান পরীক্ষা, পরিবীক্ষণ ও পর্যবেক্ষণ;
- আর্সেনিক আক্রান্ত ও অন্যান্য সমস্যাংকুল এলাকায় (লবণাক্ত, পাথুরে, পাহাড়ি ইত্যাদি) নতুন লাগসই প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহের ব্যবস্থা গ্রহণ;
- ভূ-গর্ভস্থ ও ভূপৃষ্ঠস্থ নিরাপদ পানির উৎস অনুসন্ধান;
- পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার পরিচালনা ও রক্ষণাবেক্ষণে দক্ষতা উন্নয়নের লক্ষ্যে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে (ইউনিয়ন পরিষদ, পৌরসভা ও সিটি কর্পোরেশন) কারিগরি সহায়তা প্রদান;
- আপদ-কালীন (বন্যা, ঘূর্ণিঝড় ইত্যাদি) সময়ে জরুরী ভিত্তিতে পানি সরবরাহ ও স্যানিটেশন সুবিধার ব্যবস্থা করা;
- স্থানীয় সরকার, বেসরকারি উদ্যোক্তা, বেসরকারি সংস্থা এবং Community Based Organization (CBO) সমূহকে পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা উন্নয়নে কারিগরি পরামর্শ প্রদান, তথ্য সরবরাহ, প্রশিক্ষণ প্রদান।